



স্মারক নং-০৫.৪২.৫১৩৩.০০০.০৩.০১০.২২-৪৯১

তারিখ:

১৬ আষাঢ়, ১৪২৯

৩০ জুন, ২০২২

**“আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ১৪২৯ বঙ্গাব্দের জন্য ইজারায়োগ্য অস্থায়ী কোরবানীর পশুর হাটের দরপত্র বিজ্ঞপ্তি-২০২২”**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ১৪২৯ উপলক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুরের বিগত ৩০-০৬-২০২২ খ্রি: তারিখের ০৫.৪২.৫১০০.০০৮.০২.০০৫.২২-৩১৩ সংখ্যক স্মারক পত্রের আলোকে কমলনগর উপজেলাধীন ০৫ (পাঁচ) টি অস্থায়ী কোরবানীর পশুর হাট বসানোর অনুমতি প্রদানের পরিপ্রেক্ষিতে নিম্ন তপসিলে বর্ণিত অস্থায়ী কোরবানীর পশুরহাটসমূহ নিম্নোক্ত শর্তসাপেক্ষ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের শর্ত সম্বলিত সিডিউল/দরপত্র নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বর্ণিত স্থানসমূহে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) সংগ্রহ করা যাবে। আগ্রহী দরদাতাগণকে বিস্তারিত তথ্য/শর্ত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে। ১৪২৯ বঙ্গাব্দের অস্থায়ী কোরবানীর পশুর হাটের দরপত্র বিজ্ঞপ্তি-২০২২ নিম্নরূপ ক্যালেন্ডার মোতাবেক কার্যকর হবে।

**১৪২৯ বঙ্গাব্দের ইজারায়োগ্য অস্থায়ী কোরবানীর পশুর হাটের ক্যালেন্ডার :**

ক্র: নং	অস্থায়ী কোরবানীর পশুর হাটসমূহের নাম	যে ইউনিয়নে অবস্থিত	বিগত ৩ বছরের গড় মূল্য	নতুন/৬% বর্ধিত ১৪২৯ বঙ্গাব্দের সম্ভাব্য সরকারি ইজারা মূল্য	সিডিউলের মূল্য
১	২	৩	৪	৫	৬
০১	চর লরেঞ্চ খাসেরহাট বাজারের উত্তর পাশে খালি বালুর মাঠ	০৩নং চর লরেঞ্চ	২৪,৩৩৩.০০	২৫,৭৯৩.০০	৫০০.০০
০২	চর মার্টিন মুন্সিগঞ্জ বাজারের পূর্ব পাশে খালি বালুর মাঠ	০৪নং চর মার্টিন	৬,৬৭০.০০	৭,০৭০.০০	৫০০.০০
০৩	খায়েরহাট বাজারের দক্ষিণ-পশ্চিম পাশে খালি বালুর মাঠ	০৬নং পাটোয়ারীর হাট	০	৫,০০০.০০	৫০০.০০
০৪	করুনানগর বাজারের দক্ষিণ-পশ্চিম পাশে খালি মাঠ	০৭নং হাজিরহাট	৬,৫২৮.০০	৬,৯২০.০০	৫০০.০০
০৫	ফজুমিয়ার হাট বাজারের দক্ষিণ পাশে খালি বালুর মাঠ	০৮নং চর কাদিরা	৭১৮০.০০	৭,৬১১.০০	৫০০.০০

**সিডিউল/দরপত্র গ্রহণ ও খোলা সংক্রান্ত সময়সূচি :**

সিডিউল/দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও	সিডিউল/দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময়	সিডিউল/দরপত্র খোলার তারিখ ও সময়	সিডিউল/দরপত্র ফরম প্রাপ্তি ও দাখিলের স্থান
২	৩	৪	৫
০৪-০৭-২০২২ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত	০৪-০৭-২০২২ তারিখ দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত	০৪-০৭-২০২২ তারিখ বিকাল ০২:৩০ ঘটিকা	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলনগর, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কমলনগর, সোনালী ব্যাংক লি., কমলনগর শাখা এবং কমলনগর থানা, কমলনগর, লক্ষ্মীপুর


**অস্থায়ী গবাদি পশুরহাট ইজারার শর্তাবলী :**

- এ ইজারার মেয়াদ ঈদ-উল আযহা-১৪২৯ পর্যন্ত বলবৎ থাকবে এবং ঈদ-উল আযহা-২০২২ পর্যন্ত প্রতিদিন হাট বসানো যাবে।
- দরপত্রদাতাকে দরপত্রের সহিত উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ইজারাগ্রহীতা অস্থায়ী কোরবানীর পশুর হাট নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে।
- নির্ধারিত হারের চেয়ে বেশি টোল আদায় করা যাবে না।
- যার দরপত্র গৃহীত হবে (সর্বোচ্চ দর দাতা) তাৎক্ষণিক দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭০% (শতকরা ৭০ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর (কোড নং-১-১১৪১-০১৩০-০১১১) এবং ১৫% ভ্যাট (কোড নং-১-১১৩৩-০০৪০-০৩১১) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় দরপত্রের সাথে জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সিডিউল/দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ কামরুজ্জামান)  
উপজেলা নির্বাহী অফিসার

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
২. পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
৫. সহকারী কমিশনার (ভূমি), কমলনগর, লক্ষ্মীপুর। [তাকে বিজ্ঞপ্তিটি অফিসের নোটিশবোর্ডে দিয়ে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]
৬. উপজেলা ..... কর্মকর্তা (সকল), কমলনগর। [তাকে বিজ্ঞপ্তিটি অফিসের নোটিশবোর্ডে দিয়ে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]
৭. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কমলনগর। [তাকে নোটিশবোর্ডে প্রদর্শন ও মাইকিং এর মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]
৮. ব্যবস্থাপক, ..... ব্যাংক লি., কমলনগর, লক্ষ্মীপুর।
৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) ..... ইউনিয়ন ভূমি অফিস, কমলনগর, লক্ষ্মীপুর।  
বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে দিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, কমলনগর, লক্ষ্মীপুর।
১১. উপজেলা টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলনগর। [বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
১২. জনাব .....
১৩. অফিস কপি। [অগ্রাফিস নোটিশ বোর্ড]

  
(মোঃ কামরুজ্জামান)  
উপজেলা নির্বাহী অফিসার  
কমলনগর, লক্ষ্মীপুর